

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

## সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার  
সংখ্যা-১৩৯/২০২২-২০২৩  
ময়মনসিংহ, ২২ মে, সোমবার ২০২৩, ০৮ জ্যৈষ্ঠ ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। মসিকের বিভিন্ন সড়কের নির্মাণ কাজের উদ্বোধন করেছেন সিটি মেয়র
- ০২। ময়মনসিংহের তারাকান্দা ও নেত্রকোনার দুর্গাপুরে ধান চাল সংগ্রহ অভিযানের উদ্বোধন
- ০৩। ময়মনসিংহের নান্দাইলে ওয়ার্ল্ড ভিশনের উদ্যোগে স্বাস্থ্যসম্মত লেট্রিন বিতরণ
- ০৪। ময়মনসিংহের জনগুরুত্বপূর্ণ দাবি বাস্তবায়নে নাগরিক অবস্থান কর্মসূচি পালিত

**০১। মসিকের বিভিন্ন সড়কের নির্মাণ কাজের উদ্বোধন করেছেন সিটি মেয়র**

ময়মনসিংহ সিটি কর্পোরেশনের (মসিক) ২৫ নং ওয়ার্ডের বিভিন্ন সড়কের নির্মাণ কাজের উদ্বোধন করেছেন মসিক মেয়র মো. ইকরামুল হক টিটু। রবিবার (২১ মে) বিকাল সাড়ে ৪টায় এসব নির্মাণ কাজের উদ্বোধন করেন তিনি। এর অধীনে প্রায় ৭ কোটি ২২ লাখ টাকা ব্যয়ে মোট ৩ দশমিক ৭ কিলোমিটার দৈর্ঘ্যের সড়কের নির্মাণকাজ বাস্তবায়ন করা হবে। উদ্বোধনকালে ২৫নং ওয়ার্ডের কাউন্সিলর মো. মনোয়ার হোসেন বিপ্লবসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন ও দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

**০২। ময়মনসিংহের নান্দাইলে ওয়ার্ড ভিশন উদ্যোগে স্বাস্থ্যসম্মত লেট্রিন বিতরণ**

ময়মনসিংহের নান্দাইলে ওয়ার্ড ভিশন বাংলাদেশ নান্দাইল এপি'র উদ্যোগে ৩০ হতদরিদ্র পরিবারের মাঝে রবিবার (০২ মে) স্বাস্থ্যসম্মত লেট্রিন বিতরণ করা হয়েছে। উপজেলার চন্দীপাশা বাজারে আয়োজিত বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন নান্দাইল আসনের সংসদ সদস্য আনোয়ারুল আবেদীন খান তুহিন। সূত্র: দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

**০৩। ময়মনসিংহের তারাকান্দা ও নেত্রকোনার দুর্গাপুরে ধান চাল সংগ্রহ অভিযানের উদ্বোধন**

ময়মনসিংহের তারাকান্দা ও নেত্রকোনার দুর্গাপুরে বোরো ধান ক্রয়, সংগ্রহ অভিযানের উদ্বোধন করা হয়েছে। রবিবার (২১ মে) ময়মনসিংহের তারাকান্দা খাদ্য গুদাম প্রাঙ্গণে বোরো ধান ক্রয়ের উদ্বোধন করেন তারাকান্দা উপজেলা নির্বাহী অফিসার মিজাবে রহমত। তারাকান্দায় এ মৌসুমে ১৭৪৮ মেট্রিকটন ধান ক্রয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। অপরদিকে এদিন দুপুরে নেত্রকোনার দুর্গাপুর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে স্থানীয় এমপি মানু মজুমদার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ধান ক্রয় অভিযানের উদ্বোধন করেন। এসময় তিনি ধান ক্রয়, সংগ্রহ নিয়ে কৃষকদের উদ্দেশ্যে বক্তব্য রাখেন। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক সবুজ, দৈনিক দেশের খবর, দৈনিক সকালের দুনিয়া।

**০৪। ময়মনসিংহের জনগুরুত্বপূর্ণ দাবি বাস্তবায়নে নাগরিক অবস্থান কর্মসূচি পালিত**

সকাল ও সন্ধ্যায় ময়মনসিংহ ও ঢাকা থেকে দুই জোড়া আন্তঃনগর ট্রেন অবিলম্বে চালুর দাবিসহ অন্যান্য দাবিতে রবিবার (২১ মে) দুপুরে ময়মনসিংহ বিভাগীয় কমিশনারের অফিসের সামনে অবস্থান কর্মসূচি এবং বিভাগীয় কমিশনারের কাছে জনগুরুত্বপূর্ণ দাবিগুলো পূরণের লক্ষ্যে স্মারকলিপি প্রদান করা হয়েছে। অবস্থান কর্মসূচিতে ময়মনসিংহের সর্বস্তরের নাগরিকবৃন্দ অংশগ্রহণ করেন। ময়মনসিংহ জেলা নাগরিক আন্দোলন আয়োজিত দাবিগুলোর মধ্যে রেললাইন সম্প্রসারণ, বিশ্ববিদ্যালয় স্থাপন, ব্রহ্মপুত্র নদ খনন, ত্রিশাল বাসস্ট্যান্ড স্থানান্তরসহ মোট ২৫টি দাবি রয়েছে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস ও দৈনিক সবুজ।

### সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ:** একটি দেশের অর্থনৈতিক সমৃদ্ধির অন্যতম সূচক চায়ের ভোগ্যতা। তবে এবারের মৌসুমে অনাবৃষ্টি আর প্রচন্ড গরমের কারণে সমতলের চা চাষ এবং উৎপাদনে কিছুটা প্রভাব পড়েছে। এছাড়াও নানা রোগবালাই ছড়িছে পড়েছে বাগানগুলোতে। সদ্য লাগানো চারাগাছ মরে যাচ্ছে। তাই সরকারের বিভিন্ন এলাকায় চা-চাষীদের জন্য সচেতনতামূলক কর্মশালার আয়োজন করা প্রয়োজন।
- (খ) **দৈনিক সবুজ:** দেশে এখন খাদ্যপণ্যের অভাব না থাকলেও দাম বাড়ছে। নিম্নবিত্ত ও মধ্যবিত্ত মানুষের জীবনযাত্রা দিন দিন দুর্বিষহ হয়ে উঠেছে। নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির দাম নিয়ন্ত্রণে সরকারসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের এখনই কার্যকর পদক্ষেপ নিতে হবে। সার্বিক বাজারব্যবস্থা স্থিতিশীল রাখতেও সরকারের দ্রুত পদক্ষেপ কাম্য।

### প্রবন্ধ/নিবন্ধ

- ০১। বঙ্গবন্ধুকে জুলিও কুরি শান্তি পদক প্রদান সম্মেলনে বিশ্বের মুক্তিকামী কণ্ঠস্বর মিলেছিল এক মোহনায়-মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান (দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস ও দৈনিক সবুজ)
- ০২। ফার্মেসি: একটি যুগোপযোগী, বাস্তবধর্মী ও কর্মমুখী প্রোগ্রাম- আসমা কবির (দৈনিক দেশের খবর ও দৈনিক সকালের দুনিয়া)

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৩/১০.৩০ ঘণ্টা।